

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৬১

১/ বিবিধ

আরবী

إن الله لم يأذن لمتروم بالقرآن  
موضوع

رواه الطبراني في " الأوسط " من حديث جابر مرفوعا. قال الهيثمي في " مجمع الزوائد " ( 7 / 170 ) : " وفيه سليمان بن داود الشاذكوني، وهو كذاب ". قلت: وروايته مثل هذا الحديث مما يدل على كذبه، فإنه حديث باطل معارض للحديث الصحيح: " ما أذن الله لشيء ما أذن لنبي [حسن الصوت] وفي لفظ: حسن التروم يتغنى بالقرآن [يجهر به] ". رواه الشيخان والطحاوي وغيرهما كما في كتابي صفة النبي صلى الله عليه وسلم (ص 130 الطبعة السابعة)

বাংলা

৫৬১। আল্লাহ তা'আলা মধুর সূরে কুরআন তেলাওয়াতের অনুমতি দেননি।

হাদীছটি জাল।

তাবারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে জাবের (রাঃ)-এর হাদীছ হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। হায়ছামী "মাজমাউয যাওয়ায়েদ" (৭/১৭০) গ্রন্থে বলেনঃ তার সনদে সুলায়মান ইবনু দাউদ শায়কুনী রয়েছে, তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ এরূপ হাদীছ বর্ণনা করাই তার মিথ্যুক হওয়ার প্রমাণ বহন করছে। কারণ হাদীছটি বাতিল নিম্নোক্ত সহীহ হাদীছের সাথে সাংঘর্ষিক হওয়াইঃ

ما أذن الله لشيء ما أذن لنبي [حسن الصوت] وفي لفظ: حسن الترنم يتغنى بالقرآن [يجهر به]

'আল্লাহ তা'আলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সুন্দর আওয়াযে (অন্য ভাষায়) সুন্দর করে মধুর সূরে (প্রকাশ করে) যেভাবে কুরআন পাঠের অনুমতি দিয়েছেন ঐরূপ অনুমতি কোন বস্তুর ক্ষেত্রে দেননি।

ঐটি বুখারী, মুসলিম, তাহাবী ও অন্য বিদ্বানগণ বর্ণনা করেছেন। আমার কিতাব "সিফাতু সালাতুল্লাহী" (পৃঃ ১৩০ সপ্তম সংস্করণ) গ্রন্থে উল্লেখ করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71440>

🔒 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন